

বিশ্বের শীর্ষস্থানীয় তথ্যপ্রযুক্তি গবেষণা ও পরামর্শক কোম্পানি গার্টনার বলেছে, 'ক্লাউড শিফট'-এর পেছনে ২০২০ সালের মধ্যে আইটি খরচের পরিমাণ দাঁড়াবে ১ ট্রিলিয়ন (১ লাখ কোটি) ডলারেরও ওপর। সে জন্য আইটি অ্যাসেস্ট ম্যানেজারদেরকে অবশ্যই চিহ্নিত করতে হবে বুঁকি ও সুযোগগুলোকে এবং সাযুজ্য আনতে হবে ভেঙের ম্যানেজমেন্ট স্টাইলে।

যুক্তরাজ্যের লন্ডনে ১২-১৩ সেপ্টেম্বর ও টেক্সাসের গ্র্যাফেভাইনের ১৯-২১ সেপ্টেম্বর অনুষ্ঠিতব্য 'গার্টনার আইটি ফিন্যান্সিয়াল, প্রকিউরমেন্ট অ্যান্ড অ্যাসেস্ট ম্যানেজমেন্ট সামিট ২০১৬'-এ বিশেষকরা উদঘাটন করবেন ক্লাউডের প্রভাব সম্পর্কিত নানা বিশ্লেষণ। গার্টনার বলেছে, ১ ট্রিলিয়ন ডলারেরও বেশি প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষভাবে আগামী পাঁচ বছরে আইটি খাতে খরচ হবে ক্লাউড শিফটিংয়ের পেছনে। এর ফলে ডিজিটাল যুগের সূচনার পর


থেকে এ পর্যন্ত সময়ে এই ক্লাউড কমপিউটিং হয়ে উঠবে আইটি খরচের ক্ষেত্রে সবচেয়ে ব্যাহতকরণ শক্তি- 'মোস্ট ডিজরাপটিভ ফোর্স'।

গার্টনারের গবেষণাবিষয়ক ভাইস প্রেসিডেন্ট এড অ্যান্ডারসন বলেন, 'দ্রুত অগ্রসরমান এই পৃথিবীতে প্রাসঙ্গিক থাকতে চাইলে ক্লাউডকে করতে হবে প্রথম কৌশল। ক্লাউড সার্ভিসের বাজার এতটাই বেড়েছে যে, এখন এই খাতে খরচ হচ্ছে আইটি খাতের মোট ব্যয়ের উল্লেখযোগ্য একটি অংশ (ছক দেখুন)। এই বিষয়টি সহায়তা করছে নতুন প্রজন্মের স্টার্ট-আপ ও 'বর্ন ইন দ্য ক্লাউড' প্রোভাইডার সৃষ্টিতে।

আইটি খরচ সুদৃঢ়ভাবে পরিবর্তন হচ্ছে প্রচলিত আইটি অফারিং থেকে ক্লাউড সার্ভিস বা ক্লাউড শিফটে। প্রাক্কলিত হিসাব মতে, ২০১৬ সালে ক্লাউড শিফটের মোট খরচ দাঁড়াবে ১১ হাজার ১০০ কোটি ডলার। ২০২০ সালে এই খরচ বেড়ে দাঁড়াবে ২১ হাজার ৬০০ কোটি

২০২০ সালে ক্লাউড আইটি স্পেন্ডিংয়ের পরিমাণ দাঁড়াবে ১ ট্রিলিয়ন ডলার

এম. তৌসিফ



ডলার। ক্লাউড শিফটের হার নিশীত হয় একই ধরনের বাজারে ক্লাউড সার্ভিসের খরচের সাথে প্রচলিত ননক্লাউড সার্ভিসের আইটি খরচের তুলনা করে (১ নম্বর ছক দেখুন)।

ক্লাউড শিফটের সরাসরি প্রভাব ছাড়াও অনেক বাজারের ওপর অপ্রত্যক্ষভাবে এর প্রভাব পড়বে। এই অপ্রত্যক্ষ প্রভাব চিহ্নিত করতে পারলে আইটি অ্যাসেস্ট ও পারচেজিং ম্যানেজারেরা উপকৃত হতে পারবেন সর্বোত্তম মূল্য পাওয়া নিশ্চিত করতে। এর মাধ্যমে এরা বুঁকিমুক্ত থাকতে পারবেন। একই সাথে এরা ক্লাউড শিফটিংয়ের ফলে সৃষ্ট নতুন সুযোগের সম্ভাবনার করতেও সক্ষম হবেন।

এর উদাহরণ হচ্ছে, প্রত্যেক ব্যবহারকারীর জন্য প্রচলিত উপায়ে অপারেশন সিস্টেম (ওএস) কেনার বদলে অনেককে তা প্রোভাইড করা হবে ওএস ইমেজ হিসেবে- বিশেষত পরবর্তী প্রজন্মের অ্যাপ্লিকেশনের জন্য কন্টেইনার ব্যবহারের মাধ্যমে। আরেকটি উদাহরণ হচ্ছে, এন্টারপ্রাইজ

স্টোরেজের চাহিদা মেটানো যাবে একটি 'লয়ার আপ ফ্রন্ট কস্ট' ও 'ফার মোর স্কেলেবিলিটি'র মাধ্যমে ডেডিকেটেড হার্ডওয়্যার কেনার বদলে ক্লাউড সলিউশনে সুইচ করে।

'ক্লাউড শিফট শুধু ক্লাউড সম্পর্কিতই নয়। সংগঠন হিসেবে এটি দাবি করে একটি নতুন আইটি আর্কিটেকচার ও অপারেটিং ফিলোসফি। এগুলো প্রস্তুত হয় ডিজিটাল বিজনেসের নতুন সুযোগের জন্য, যার মধ্যে আছে ইন্টারনেট অব থিংসের মতো আগামী প্রজন্মের আইটি সলিউশনও। অধিকন্তু সংগঠনগুলোর এমব্রাসিং ডায়নামিক ক্লাউড-বেজড অপারেটিং মডেলগুলোর খরচ যথাসম্ভব কমানো ও বর্ধিত প্রতিযোগিতার জন্য উন্নততর'- বলেন এড অ্যান্ডারসন।

গার্টনার গ্রাহকেরা এ সম্পর্কিত আরও বিস্তারিত বিশ্লেষণ পেতে পারেন 'Market Insight: Cloud Shift- The Transition of IT Spending from Traditional Systems to Cloud' শীর্ষক রিপোর্ট থেকে।

প্রসঙ্গ গার্টনার : Gartner, Inc. (NYSE: IT) হচ্ছে বিশ্বের শীর্ষস্থানীয় তথ্যপ্রযুক্তি-বিষয়ক গবেষণা ও উপদেষ্টা কোম্পানি। এই কোম্পানি এর গ্রাহকদেরকে প্রযুক্তি সম্পর্কিত প্রয়োজনীয় গভীর গবেষণামূলক তথ্য সরবরাহ করে, যাতে গ্রাহকেরা তাদের ব্যবসায়ের ক্ষেত্রে প্রতিদিনের সঠিক সিদ্ধান্ত নিতে পারে। করপোরেশন ও সরকারি সংস্থাগুলোর সিআইও ও জ্যেষ্ঠ আইটি নেতা থেকে শুরু করে হাইটেক, টেলিকম এন্টারপ্রাইজ ও প্রফেশনাল সার্ভিস ফার্মগুলোর নেতা, প্রযুক্তি উদ্ভাবক পর্যন্ত বিশ্বজুড়ে ১০ হাজার গুরুত্বপূর্ণ গার্টনার রয়েছে এই গার্টনারের। এর গ্রাহক রয়েছেন ৯০টিরও বেশি দেশে

লিগ্যান্সি সেগমেন্ট	ক্লাউড সেগমেন্ট	২০১৬ সালে মোট বাজারের পরিমাণ	২০১৬ সালে মোট ক্লাউড শিফট	২০২০ সাল পর্যন্ত ক্লাউড শিফটের হার
বিজনেস প্রসেস আউটসোর্সিং	বিজনেস প্রসেস অ্যাজ অ্যা সার্ভিস	১১৯০০ কোটি ডলার	৪২০০ কোটি ডলার	৪৩%
অ্যাপ্লিকেশন সফটওয়্যার	সফটওয়্যার অ্যাজ অ্যা সার্ভিস	১৪৪০০ কোটি ডলার	৩৬০০ কোটি ডলার	৩৭%
অ্যাপ্লিকেশন ইনফ্রাস্ট্রাকচার সফটওয়্যার	প্র্যাটফরম অ্যাজ অ্যা সার্ভিস	১৭৭০০ কোটি ডলার	১১০০ কোটি ডলার	১০%
সিস্টেম ইনফ্রাস্ট্রাকচার	ইনফ্রাস্ট্রাকচার অ্যাজ অ্যা সার্ভিস	২৯৪০০ কোটি ডলার	২২০০ কোটি ডলার	১৭%

মার্কেট সেগমেন্ট সাপেক্ষে ক্লাউড শিফট সামারি, সূত্র: গার্টনার, জুলাই ২০১৬

অতিরিক্ত তথ্যের জন্য : www.gartner.com